रजिस्ट्री सं डी-221

Registered No. D-221
রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

भारत का राजपत्र
The Gazette of India
ভারতের গেজেট

असाधारण
EXTRAORDINARY
বিশেষ

भाग VII—अनुभाग 1
PART VII—Section 1
ভাগ ৭—অনুভাগ ১

Published by Authority
প্রাধিকারবলে প্রকাশিত

| | | |
|---|---|---|
| सं 1 | नई दिल्ली, बुधवार, अप्रैल २३, २०२५ | बैसाख ३, १९४७ शक |
| No. 1 | NEW DELHI, WEDNESDAY, APRIL 23, 2025 | [VAISAKHA 3, 1947 (SAKAY) |
| নং 1 | নতুন দিল্লী, বুধবার, ২৩ শে এপ্রিল, ২০২৫ | [৩রা বৈশাখ, ১৯৪৭ (শক) |


## বিধি ও ন্যায় মন্ত্রণালয়
## (বিধান বিভাগ)

নতুন দিল্লী, ২৬ শে মার্চ, ২০২৫/৫ই চৈত্র, ১৯৪৭ (শক)

(১) দি রাজঘাট সমাধি অ্যাক্ট, ১৯৫১ (১৯৫১-এর ৪১ নং),

(২) দি প্রিভেনশন অফ্ ইনসাল্টস টু ন্যাশনাল অনার অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৬৯ নং)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

ড: রাজীব মনি
*সচিব*
বিধান বিভাগ
বিধি ও ন্যায় মন্ত্রণালয়
ভারত সরকার

## রাজঘাট সমাধি আইন, ১৯৫১
## (১৯৫১-র ৪১ নং আইন)

[২৯শে জুন, ১৯৫১]

দিল্লিতে রাজঘাট সমাধির প্রশাসন ও নিয়ন্ত্রণের ব্যবস্থা করণার্থ আইন।

ইহা সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল :—

সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

১। (১) এই আইন রাজঘাট সমাধি আইন, ১৯৫১ নামে অভিহিত হইবে।

(২) ইহা, কেন্দ্রীয় সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ নির্দিষ্ট করিবেন, সেই তারিখে বলবৎ হইবে।

সংজ্ঞার্থ।

২। এই আইনে, —

(ক) "কমিটি" বলিতে এই আইন-অনুযায়ী গঠিত রাজঘাট সমাধি কমিটিকে বুঝায়;

(খ) "সমাধি" বলিতে দিল্লিতে যমুনার পশ্চিম তীরে রাজঘাটে মহাত্মা গান্ধীর জন্য শ্রদ্ধার প্রতীকরূপে নির্মিত কোন নির্মিতিকে বুঝায় এবং তফসিলে বর্ণিত ভূগৃহাদি পরিসরসহ উহার অন্তর্ভূত সকল ভবন, তৎসহ উহার সহিত সকল সংযোজন বা উহার কোন পরিবর্তন যাহা এই আইন প্রারম্ভের পর হইয়া থাকিতে পারে তাহাকে অন্তর্ভুক্ত করে।

রাজঘাট সমাধি কমিটি।

৩। (১) সমাধির প্রশাসন ও নিয়ন্ত্রণ অতঃপর প্রদত্ত প্রণালীতে গঠিত কোন কমিটিতে বর্তাইবে।

(২) "রাজঘাট সমাধি কমিটি" নামক কমিটি একটি নিগমবদ্ধ সংস্থা হইবে এবং উহার নিরবচ্ছিন্ন উত্তরানুক্রম ও সাধারণ সীলমোহর থাকিবে এবং উহা উক্ত নামে সভাধ্যক্ষের মাধ্যমে মোকদ্দমা করিতে পারিবে ও উহার বিরুদ্ধে মোকদ্দমা করা যাইবে।

কমিটির গঠন।

৪। (১) কমিটি নিম্নলিখিত সদস্যগণকে লইয়া গঠিত হইবে, যথা :—

(ক) দিল্লির পৌর নিগমের মহানাগরিক, পদাধিকারবলে;

(খ) কেন্দ্রীয় সরকার কর্তৃক মনোনীত তিনজন পদাধিকারী;

(গ) পদাধিকারী নহেন কেন্দ্রীয় সরকার কর্তৃক মনোনীত এরূপ চারজন ব্যক্তি;

(ঘ) তিনজন সংসদ সদস্য যাঁহাদের মধ্যে দুইজন লোকসভার সদস্যগণের দ্বারা তাঁহাদের নিজেদের মধ্য হইতে এবং একজন রাজ্যসভার সদস্যগণের দ্বারা তাঁহাদের নিজেদের মধ্য হইতে নির্বাচিত হইবেন।

(২) কেন্দ্রীয় সরকার (১) উপধারায় উল্লিখিত কোন ব্যক্তিকে বা অন্য কোন ব্যক্তিকে কমিটির সভাধ্যক্ষরূপে নিযুক্ত করিতে পারিবেন, এবং যদি অন্য কোন ব্যক্তি ঐরূপে নিযুক্ত হন, তাহাহইলে তিনি (১) উপধারার অর্থের মধ্যে কমিটির সদস্য বলিয়া গণ্য হইবেন।

(৩) কেন্দ্রীয় সরকার কর্তৃক কমিটির সদস্যরূপে মনোনীত সকল ব্যক্তি কেন্দ্রীয় সরকারের যাবৎ অভিরুচি তাবৎ পদে অধিষ্ঠিত থাকিবেন।

(৪) (১) উপধারার (ঘ) প্রকরণ অনুযায়ী নির্বাচিত কোন সদস্যের পদের মেয়াদ, যে সদন হইতে তিনি নির্বাচিত হইয়াছেন উহার সদস্যপদ অবসিত হইবামাত্র সমাপ্ত হইবে।

(৫) এতদ্দ্বারা ঘোষণা করা হইতেছে যে, কমিটির সদস্যপদ উহার অধিষ্ঠানকারীকে, সংসদের যে কোন সদনের সদস্যরূপে চয়নকৃত হইতে বা সদস্য হইতে নির্যোগ্য করিবে না।

কমিটির ক্ষমতা ও কর্তব্য।

৫। এই আইন অনুযায়ী যেরূপ প্রণীত হইবে সেরূপ নিয়মাবলীর সাপেক্ষে, কমিটির ক্ষমতা ও কর্তব্যসমূহ হইবে—

(ক) সমাধির কার্য পরিচালনা করা এবং সমাধিকে উপযুক্ত অবস্থায় রাখা ও উত্তমরূপে মেরামত অবস্থায় রাখা;

(খ) সমাধিতে পর্যাবৃত্ত অনুষ্ঠানসমূহ সংগঠিত করা ও প্রনিয়ন্ত্রণ করা;

(গ) সমাধির কার্যকলাপের দক্ষ প্রশাসনের জন্য আনুসঙ্গিক বা সহায়ক হইতে পারে এরূপ অন্য কোন কিছু করা।

কেন্দ্রীয় সরকারের নিয়মাবলী প্রণয়নের ক্ষমতা।

৬। কেন্দ্রীয় সরকার, এই আইনের উদ্দেশ্যসমূহকে কার্যে পরিণত করিবার জন্য এবং সমাধিতে বা উহার কোন অংশে অভিগম্যতা প্রনিয়ন্ত্রিত করিবার জন্য, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিয়মাবলী প্রণয়ন করিতে পারিবেন।

কমিটির উপ-বিধি প্রণয়নের ক্ষমতা।

৭। (১) কমিটি, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিম্নলিখিত সকল বা যে কোন উদ্দেশ্যে এই আইনের এবং তদধীনে প্রণীত নিয়মাবলীর সহিত সমঞ্জস উপবিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন, যথা :—

(ক) যে প্রণালীতে কমিটির সভা আহূত হইবে, উহাতে কোন কার্যচালনার জন্য কোরাম এবং ঐরূপ সভার প্রক্রিয়া;

(খ) কমিটির কর্তব্যসমূহ দক্ষতার সহিত সম্পাদনে উহাকে সহায়তা করিবার জন্য যেরূপ আবশ্যক হইবে সেরূপ ব্যক্তিগণের নিয়োগ এবং ঐরূপ কর্মচারিগণের চাকরির শর্ত ও কড়ারসমূহ;

(গ) কমিটির কর্মচারিগণের কর্তব্যসমূহ ও ক্ষমতাসমূহ;

(ঘ) কমিটির কর্মচারিগণের যে কাহারও দ্বারা, উহার নিকট হিসাব, রিটার্ণ ও প্রতিবেদনসমূহ পেশ।

(২) এই ধারা অনুযায়ী প্রণীত সকল উপ-বিধি পূর্বে প্রকাশনার শর্তের সাপেক্ষ হইবে এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত না হইলে উহার কার্যকারিতা থাকিবে না।

নিয়ম ও উপ-বিধি সংসদের সমক্ষে স্থাপিত হইবে।

৭ক। এই আইন অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম ও প্রত্যেক উপ-বিধি, উহা প্রণীত হইবার পর যথাসম্ভব শীঘ্র সংসদের প্রত্যেক সদনের সমক্ষে, উহার সত্র চলিতে থাকাকালে, সর্বমোট ত্রিশদিন সময়সীমার জন্য স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্রের অথবা আনুক্রমিক দুই বা ততোধিক সত্রের অন্তর্ভুক্ত হইতে পারে, এবং যদি, ঐ সত্রের অব্যবহিত পরবর্তী সত্র বা পূর্বোক্ত আনুক্রমিক সত্রসমূহের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়ম বা উপ-বিধির কোন সংপরিবর্তন করিতে একমত হন, অথবা উভয় সদন একমত হন যে, ঐ নিয়ম, বা উপ-বিধি প্রণয়ন করা উচিত নহে, তাহাহইলে, তৎপরে ঐ নিয়ম বা উপ-বিধি, ক্ষেত্রানুযায়ী, কেবল ঐরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা, আদৌ কার্যকর হইবে না; তবে এমনভাবে যে, ঐরূপ সংপরিবর্তন বা রদকরণ ঐ নিয়ম বা উপবিধি অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষুণ্ণ করিবে না।

শূন্যপদ ইত্যাদির কারণে কমিটির কার্যাবলীর সিদ্ধতা সম্পর্কে প্রশ্ন করা যাইবে না।

৮। কমিটির কোন কার্য বা কার্যবাহ কেবল কমিটিতে কোন শূন্যপদ বা উহার গঠনে কোন ত্রুটির কারণে অসিদ্ধ বলিয়া গণ্য হইবে না।

---

**তফসিল।**

[২ (খ) ধারা দ্রষ্টব্য]

সমাধির ভূ-গৃহাদিপরিসরের ক্ষেত্রফল ৪৪.৩৫ একর হয় ও উহা নিম্নরূপে পরিবদ্ধ হয়—

উত্তরে দিল্লী উন্নয়ন ট্রাস্টের মালিকানাধীন একটি শূন্য ভূমিখণ্ড;

দক্ষিণে পাওয়ার হাউস; এবং

পূর্বে পাওয়ার হাউস; এবং

পশ্চিমে বেলা রোড।